নির্বাচনের মাধ্যমে জামায়াতে ইসলামী রাষ্ট্রীয় ক্ষমতায় যেতে চায়

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন ৯ নং ওয়ার্ড জামায়াতের উদ্যোগে যাদবপুর গ্রামে অফিস উদ্বোধন উপলক্ষে আয়োজিত পথসভায় জেলা আমীর রুহুল আমিন বলেছেন, আগামী নির্বাচনের মাধ্যমে জামায়াতে ইসলামী রাষ্ট্রীয় ক্ষমতায় যেতে চাই। জামায়াত ইসলামী রাষ্ট্র পরিচালনার সুযোগ পেলে আমরা মানবতার কল্যাণে আত্মনিয়োগ করবো।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনিত চূয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য প্রার্থী জেলা আমীর রুহুল আমিন পথসভায় আরো বলেন, আমরা মানুষের পাশে থাকতে চাই। জামায়াতে ইসলামী নেতারা দলকানা জনপ্রতিনিধি হতে চাইনা। আমরা জনপ্রতিনিধিদের কে জনগণের নিকট জবাবদিহিতার কালচার প্রতিষ্ঠা করতে চাই। জামায়াতে ইসলামী করতে কলিজা লাগে। মুরগীর কলিজা নিয়ে জামায়াতে ইসলামী করা যায়না। আওয়ামী ফ্যাসিবাদের হাজারো আঘাতেও জামায়াতে ইসলামীর কর্মিরা রাজপথে দাড়িয়ে আছে। জামায়াতের শীর্ষ নেতাদের ফাসিঁ, দিয়েও থামানো যায়নি এ দলের জানবাজ কর্মীদের। জুলুম, নিযাতন সহ্য করেই জামায়াত আজ এই অবস্থানে এসেছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা ৬ টার সময় উপজেলার সীমান্ত ইউনিয়নের যাদবপুর গ্রামে আয়োজিত পথ সভায় তিনি আরো বলেন, চালক ভাইয়েরা ২৪ এর গণঅভুত্থানে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করেছে। আগামী জাতীয় সংসদ নির্বাচনেও তারা দাড়িপাল্লার পক্ষে ভোট করবেন।

জামায়াতে ইসলামী দেশের শ্রমিক সমাজসহ সাধারণ প্রান্তিক জনগোষ্ঠি চাওয়া পাওয়া কে মাথায় নিয়ে দেশ পরিচালনা কররে। দাড়িপাল্লা সাধারণ মানুষের প্রিয় প্রতিক। তিনি বলেন, যারা শ্রমিকদের বন্ধু হবেনা তাদেরকে প্রত্যাখ্যান করুন। আমরা শ্রমিকদের উত্তম বন্ধু হতে চাই।

জামায়াতে ইসলামী সরকার গঠন করলে এ দেশে শ্রমিকদের কাজের পরিবেশ উন্নত করা হবে। শমিকদের ন্যায্য ন্যুন্যতম মুজুরি ধায করে দেয়া হবে। আমরা রাষ্ট্র পরিচালনার সুযোগ পেলে উন্নতি দূর্নীতি একসাথে চলবে না। সব রকম দূর্নীতিকে জাদুঘরে পাঠানো হবে। টাকা ছাড়াই আপনার সন্তানকে চাকুরির ব্যবস্থা করতে চাই। জামায়াত মানুষের হক

তার দোর গোড়ায় পৌছে দিতে চাই। আমরা শাসক নই বরং জনগণের সেবক হতে চাই। জীবননগর হাসপাতালকে আধুনিকায়ন করে স্বাস্থ্য সেবার মান আরো উন্নত করা হবে।

তিনি আরো বলেন, বৈচিত্রময় কৃষি প্রধান জীবননগর এলাকায় একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হবে। সীমান্ত ইউনিয়ন আমীর মাওলানা আব্দুল ওয়াহেদের সভাপতিত্বে পথসভায় আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা সেক্রেটারি আসাদুজ্জামান, জেলা পেশাজীবি পরিষদের সভাপতি সহকারী অধ্যাপক খলিলুর রহমান, জেলা তালিমুল কুরআন বিভাগের সভাপতি মাওলানা মহিউদ্দীন, জেলা প্রশিক্ষণ সম্পাদক জিয়াউল হক, জেলা উলামা বিভাগের সভাপতি মাওলানা’ ইসরাইল হোসেন, জেলা মাজলিসুল মুফাসসিরিন পরিষদের সভাপতি মাওলানা হাফিজুর রহমান, জীবননগর উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান, নায়েবে আমীর সাখাওয়াত হোসেন, সেক্রেটারি মাহফুজুর রহমান, জেলা শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের সেক্রেটারি এমদাদুল্লাহ মহসিন জামেন, উপজেলা যুব বিভাগের সভাপতি মাজেদুর রহমান লিটন, সেক্রেটারি জাহিদুল ইসলাম, সিমান্ত ইউনিয়ন যুব বিভাগের সভাপতি মোস্তাফিজুর রহামান, জামায়াত নেতা শফিকুল ইসলাম, হায়দার আলী, মিজানুুর রহমান, সিরাজুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন, উপজেলা জামায়াতের সহকারি সেক্রেটারি আবু বকর সিদ্দিক।

চুয়াডাঙ্গায়

ইসলামী ছাত্রশিবিরের দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের চুয়াডাঙ্গা-২ আসনের দায়িত্বশীল সমাবেশে জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী জেলা আমীর মো: রুহুল আমিন বলেছেন, ইসলামী ছাত্রশিবিরের দিকে চেয়ে আছে বঞ্চিত মানুষরা।

আজ শুক্রবার বেলা ১১ টায় দর্শনা রিসোর্টে ইসলামী ছাত্রশিবিরের চুয়াডাঙ্গা-২ আসন আয়োজিত জেলা দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত

হয়েছে। এতে সভাপতিত্ব করেন, জেলা সভাপতি সাগর আহমেদ।

ইসলামী ছাত্রশিবিরের জেলা সেক্রেটারি হাফেজ আমিরুল ইসলামের পরিচালনায় প্রধান অতিথির বক্তব্যে শিবিরের দায়িত্বশীল সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি উপরোক্ত কথা বলেন। তিনি বলেন, ছাত্রশিবিরকেই দেশের সাধারণ ছাত্রসমাজের দায়িত্ব নিতে হবে। ক্যাম্পাসে মেধার স্বাক্ষর রাখতে হবে। আগামী জাতীয় সংসদ নির্বাচনে দাড়িপাল্লার পক্ষে ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ করতে হবে। মাদকের ভয়াল ছোবল থেকে ছাত্রদের বাঁচাতে হবে। জামায়াতে ইসলামী সরকার গঠন করলে সমাজ থেকে মাদকের মুলৎপাটন করা হবে। মাদক ব্যবসায়ীদেরকে আইনের আওতায় এনে শাস্তির মুখোমুখি করা হবে। তিনি আরো বলেন, ৭১ সালের পর হতে আজ অবধি রাজনৈতিক ছত্রছায়ায় এক শ্রেণীর দেশ বিরোধী চক্র মাদকের ব্যবসা চালিয়ে এসেছে। তিনি আরও বলেন, আর মাদকের ব্যবসা করতে দেয়া হবেনা।

সমাবেশে বিশেষ অতিধি হিসেবে উপস্থিত ছিলেন, জাময়াতের জেলা নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান জেলা সেক্রেটারি আসাদুজ্জামান, সাবেক সভাপতি মহসিন এমদাদুল্লাহ জামেন। আরো উপস্থিত ছিলেন, সদস্য সচিব মোঃ পারভেজ আলম, প্রচার সম্পাদক মোঃ আব্দুর রহিম, দামুড়দা থানা সভাপতি আল ফাহাদ সবুজ হোসেন, দর্শনা সভাপতি মোঃ লোকমান হোসেন জীবননগর থানা সভাপতি মোহাম্মদ রাসেল হোসেন, জীবননগর পৌর সভাপতি মোঃ আকিমুল ইসলাম, হাসাদা সাংগঠনিক থানা সভাপতি মোঃ আমির হামজা সহ বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন দায়িত্বশীলবৃন্দ ।

মেহেরপুরে জামায়াত প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর-১ আসনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী তাজউদ্দিন খান গণসংযোগ পরিচালনা করেছেন।

গতকাল সোমবার বিকেল ৫টার দিকে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের

ট্যাংগারমাঠ ও বাবুরপাড়া গ্রামে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। স্থানীয় জনসাধারণের সাথে মতবিনিময় ও লিফলেট বিতরণের মাধ্যমে দলীয় প্রার্থীর পক্ষে সমর্থন আহ্বান জানানো হয়।

গণসংযোগে নেতৃত্ব দেন, মাওলানা তাজউদ্দিন খান। এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, কুতুবপুর ইউনিয়নের তদারকী মাওলানা জাবেরুল ইসলাম, ইউনিয়ন আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুসাইন, ট্যাংগারমাঠ ওয়ার্ড সভাপতি মমিনুল রহমানসহ স্থানীয় নেতাকর্মীরা।

গণসংযোগে বক্তারা আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনগণের সম্পৃক্ততা বাড়ানোর আহ্বান জানান এবং দলীয় প্রার্থীর বিজয় নিশ্চিত করতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার অনুরোধ জানান।

মেহেরপুরের বারাদীতে জামায়াত প্রার্থীর গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বারাদী গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকাল ৫টার দিকে বারাদী বাজারে প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

গণসংযোগে নেতৃত্ব দেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, মেহেরপুর জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, মেহেরপুর সদর উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের সদরের সভাপতি আব্দুল হোসেন, বারাদী ইউনিয়নের আমির মাওলানা আসাদুজ্জামান, সেক্রেটারি আব্দুর

রাজ্জাক, রারাদী ওয়ার্ডের সভাপতি মাওলানা মজিবুর রহমানসহ ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

মেহেরপুরে বিভিন্ন দলের নেতাকর্মীদের জামায়াতে যোগদান

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বারাদী ইউনিয়নের ২৭টি পরিবার জামায়াতে ইসলামীতে যোগদান করেন। গতকাল রবিবার সন্ধ্যা ৬টার সময় বারাদী ইউনিয়নের জামায়াতে ইসলামীর অফিসে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, মেহেরপুর জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, মেহেরপুর সদর উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, বারাদী ইউনিয়নের আমির মাওলানা আসাদুজ্জামান, সেক্রেটারি আব্দুর রাজ্জাকসহ ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। নতুন যোগদানকারীদের হাতে ফুল ও মিষ্টি খাওয়ার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে জামায়াতে ইসলামীতে স্বাগত জানানো হয়।

অনুষ্ঠানে মাওলানা তাজউদ্দিন খান বলেন, জনগণের অধিকার প্রতিষ্ঠা ও ন্যায়ের সমাজ গঠনের আন্দোলনে জামায়াতে ইসলামী সবসময় জনগণের পাশে আছে। এই যোগদান আমাদের সংগঠনকে আরও শক্তিশালী করবে।

স্থানীয় নেতৃবৃন্দ জানান, নির্বাচনের আগে বিএনপিসহ বিভিন্ন নেতাকর্মীদের জামায়াতে যোগদান রাজনৈতিক অঙ্গনে নতুন সমীকরণ তৈরি করেছে বলে জানান।

মেহেরপুরের পিরোজপুরে জামায়াত প্রার্থী তাজ উদ্দীন খাঁনের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ আসনের বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী তাজ উদ্দীন খাঁন গণসংযোগ করেছেন।

গতকাল শনিবার বিকেলে পিরোজপুর গ্রামের হঠাৎপাড়া ও পশ্চিম পাড়ায় পায়ে হেঁটে জামায়াত নেতৃবৃন্দ নিয়ে এ গণসংযোগ করেন। গণসংযোগ কালে শিশু, পথচারী, রাস্তার ধারে দোকান অবস্থানরত জনগণ এবং বাড়ির সামনে অপেক্ষারত উৎসুক মা বোনদের সাথে কুশলাদি ও সালাম বিনিময় করেন এবং দাঁড়িপাল্লায় ভোট দেওয়ার আহবান জানান।

বাংলাদেশ জামায়াতে ইসলামী সদর উপজেলা সাধারণ সম্পাদক জাব্বারুল ইসলামের সঞ্চালনায় প্রধান মেহমান হিসেবে বক্তব্য রাখেন, মাওঃ তাজ উদ্দীন খাঁন। তিনি বলেন, আমরা আগামীর বাংলাদেশ দুর্নীতি মুক্ত বাংলাদেশ গড়তে চায়। এটা শুধুমাত্র আমাদের কথা নয়, কেন্দ্র থেকে নিয়ে ওয়ার্ড পর্যন্ত সৎ, দক্ষ ও যোগ্য মানুষ তৈরি করার পরিকল্পনা আমাদের হাতে আছে। আমাদের মানুষ হিসেবে ভুল হতে পারে, কিন্তু মানুষ তৈরি করার পরিকল্পনা আমাদের হাতে আছে। তার ভিত্তিতে আমরা বলতে চায় আগামীর বাংলাদেশ আমরা দুর্নীতি মুক্ত বাংলাদেশ গড়বো- ইনশাআল্লাহ।

এসময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী সদর উপজেলা আমির মাওঃ সোহেল রানা, সদর উপজেলা যুগ্ম সম্পাদক মাওঃ নজরুল ইসলাম, শ্রমিক কল্যান ফেডারেশন সভাপতি আবুল হোসেনসহ অন্যান্য নেতৃবৃন্দ।

আলমডাঙ্গায় জামায়াতে ইসলামী’র আলোচনা সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গায় জামায়াতে ইসলামী’র উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল ৪টার দিকে আলমডাঙ্গা উপজেলা মঞ্চে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা পৌর জামায়াতে ইসলামী’র আয়োজনে রক্তাক্ত ২৮ অক্টোবর পল্টন ট্র্যাজেডি দিবস উপলক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ২০০৬ সালের ২৮ অক্টোবরের লাঠি-বইঠা দিবসে শহীদ জামায়াতে ইসলামী সদস্যদের স্মরণে এবং তাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সুবিচারের দাবিতে এ কর্মসূচির আয়োজন করা হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা পৌর আমির মাহের আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামী’র সহকারী সেক্রেটারি অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

আলমডাঙ্গা উপজেলা জামায়াতের সেক্রেটারি মামুন রেজার সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামী’র যুব ও ক্রীড়া সম্পাদক নুর মোহাম্মদ টিপু, আইন ও আদালত বিষয়ক সম্পাদক দারুস সালাম, আলতাফ হোসেন, আলমডাঙ্গা উপজেলা আমির শফিউল আলম বকুল এবং পৌর জামায়াতের সেক্রেটারি হাফেজ আমিরুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, গণভোটের মাধ্যমে জুলাই সনদের সাংবিধানিক ও আইনি স্বীকৃতি প্রদান করতে হবে। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারকে দ্রুত পদক্ষেপ গ্রহণ করে জুলাই সনদের স্বীকৃতি নিশ্চিত করতে হবে। অন্যথায় ছাত্র ও জনতা আবার রাজপথে নেমে আসবে।

তিনি আরও বলেন, ২০০৬ সালের লগি-বইঠা ঘটনার সময় যাদের হত্যা করা হয়েছিল, তাদের হত্যার বিচার দ্রুত নিশ্চিত করতে হবে।

মেহেরপুরে জামায়াতে ইসলামী’র বিক্ষোভ সমাবেশ ও দোয়া

পল্টন ট্র্যাজেডি দিবস ২০২৫ উপলক্ষে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে বিক্ষোভ সমাবেশ ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৮ অক্টোবর) বিকেল ৪টার দিকে জেলা জামায়াতে ইসলামীর আয়োজনে পৌর কমিউনিটি সেন্টার চত্বরে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমির মাওলানা মাহবুবুল আলমের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আমির তাজউদ্দিন খান।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ২০০৬ সালের ২৮ অক্টোবর হাজারো মানুষকে গুম ও হত্যা করে লাশের উপর নাচের যে বিভীষিকাময় দৃশ্য সৃষ্টি করা হয়েছিল, তা গোটা বিশ্বকে হতবাক করেছিল। এ দেশের মানুষ এমন জঘন্য ঘটনার পুনরাবৃত্তি দেখতে চায় না। আগামী দিনে জামায়াতে ইসলামী রাষ্ট্রক্ষমতায় আসলে মেহেরপুরবাসীসহ সমগ্র দেশের মানুষ নিরাপদ থাকবে।

সমাবেশে জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হোসাইনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জামায়াতের রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিন, জেলা ছাত্রশিবির সভাপতি আব্দুস সালাম, সদর উপজেলা আমির মাওলানা সোহেল রানা, উপজেলা সেক্রেটারি জব্বারুল ইসলাম, মুজিবনগর উপজেলা আমির মাওলানা খান জাহান আলী এবং পৌর আমির সোহেল রানা ডলারসহ অন্যান্য নেতৃবৃন্দ।

বিক্ষোভ সমাবেশ শেষে ২০০৬ সালের ২৮ অক্টোবর নিহতদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া করা হয়।

ঝিনাইদহে জুলাই সনদ বাস্তবায়নসহ ৫ দফা দাবিতে জামায়াতের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের আদেশ জারিসহ ৫ দফা দাবিতে ঝিনাইদহ জামায়াতে ইসলামীর বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমাবার সকালে ঝিনাইদহ জেলা জামায়াতের উদ্যোগে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে সমাবেশে মিলিত হয়।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জামায়াতে ইসলামীর ঝিনাইদহ জেলা আমীর ও ঝিনাইদহ-২ আসনের জামায়াত মনোনিত জাতীয় সংসদ সদস্য প্রার্থী অধ্যাপক আলী আজম মো: আবুবকর। এছাড়াও উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-১ (শৈলকূপা) আসনের সংসদ সদস্য প্রার্থী অধ্যাপক এএসএম মতিউর রহমান, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য প্রার্থী প্রফেসর মতিয়ার রহমান ও ঝিনাইদহ ৪ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা মো: আবু তালিব। সমাবেশটির সঞ্চালনায় ছিলেন, ঝিনাইদহ জেলা সেক্রেটারি আব্দুল আওয়াল।

এসময় আরও উপস্থিত ছিলেন, জেলা জামায়াতের নায়েবে আমীর ও ঝিনাইদহ পৌর মেয়র প্রার্থী আব্দুল আলীম, জেলা সহকারী সেক্রেটারি কাজী ছগীর আহমেদ, জেলা বাইতুল মাল সম্পাদক তাজুল ইসলাম, জেলা উলামা বিভাগের সভাপতি মুহাদ্দিস রবিউল ইসলাম, সদর উপজেলা আমীর ড. হাবিবুর রহমান, শহর আমীর অ্যাডভোকেট ইসমাইল হোসেন, হরিনাকুণ্ডু উপজেলার আমীর বাবুল হোসেন, কালীগঞ্জ উপজেলা আমীর আব্দুল হকসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

মেহেরপুরের রামদাসপুরে জামায়াত এমপি প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের রামদাসপুর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৫টার দিকে রামদাসপুর গ্রামের প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

গণসংযোগে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী তাজউদ্দিন খান। এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা শাখার নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, মেহেরপুর সদর উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, কুতুবপুর ইউনিয়নের তদাকারী মাওঃ জাবেরুল ইসলাম, কুতুবপুর ইউনিয়নের আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুসাইন, রামদাসপুর ওয়ার্ড সভাপতি তাছিরুল ইসলামসহ ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।